

একই ছাতার নীচে
দিব্যেন্দু ঘোষাল

কোটি কোটি সহস্র কোটি বৃষ্টির ধারা
পর্দার মতো দুলে দুলে গঙ্গার বুক আচ্ছন্ন
করে এগিয়ে যেতে লাগল-
ধীরে ধীরে খিদিরপুরের জাহাজগুলো
সম্পূর্ণ মুছে যেতে লাগল, মনে হোলো,
বৃষ্টি তার পেটের মধ্যে পুরে নিচ্ছে
যেন শুধু শিবপুর কেন, সমস্ত
পৃথিবীটাকেই,
ওদিকে, কাচের দেওয়াল যে আমার
মনের হাবভাব ধরে ফেলেছে, তাই
এখানে দেখি সবাই ভেজে, জোলো
মাটিতে কাপেটার মতো ছড়িয়ে
যাওয়া পথের আলোর বিষন্ন
প্রতিফলন আমায় সেটাই জানান দেয়।
তবে এইমুহুর্তে আমি সন্ত্রাসবাদী
হুনবাহিনীর মতো কালবৈশাখীর নাগালের
বাইরে - তবে ছাদটায় সবাই মিলে
যেন তলবা লহরা বানিয়ে চলেছে হয়,
কাচে মতো স্বচ্ছ জল কহুকের সুরে ছন্দে
ঘুরে ঘুরে কথা বলতে লাগল - আমার সাথে।